

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি,এল,সি
হালিশহর শাখা, চট্টগ্রাম।

অর্থাধীন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ ইউছুপ মিয়া, পিতা-মৃত মোহাম্মদ আলি, মাতা-নুরুন নাহার, ব্যবসায়িক ঠিকানা- হাউস নং ০৩(৩য় তলা), ব্লক জি, বড় পোল, হালিশহর চট্টগ্রাম। বর্তমান ঠিকানা-হাউস নং ১৩, রোড ১, লেইন নং ১ রোড নং ১, আনন্দ ধারা আবাসিক এলাকা, খান বাড়ি রোড, সবুজবাগ, পোঃ হাউজিং স্টেট, থানা হালিশহর চট্টগ্রাম। স্থায়ী ঠিকানা- গ্রাম : অন্তগ্রাম পোঃ অন্তগ্রাম, মিয়াহার বাজার, থানা নাজুল কোট, জেলা কুমিল্লা এ-১, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি,এল,সি, হালিশহর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০১.২০২৩ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা ইউ,সি,বি ড্রব ২৮,৭৪৬,৮৭৪.৩৮ (দুই কোটি সাতাশ লক্ষ ছয়চল্লিশ হাজার আটশত চুয়াত্তর টাকা এবং আটত্রিশ পয়সা মাত্র) টাকা এবং ফোর্স লোন ৮,১৪৮,৬৬৬.১৩ (একটিশ লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত ছিষটি টাকা এবং তের পয়সা) মোট ৩৬,৮৯৫,৫৪০.৫১ (তিন কোটি আটষটি লক্ষ পচানব্বই হাজার পাঁচশত চল্লিশ এবং একান্ন পয়সা মাত্র) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আর্থহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

৬.১২ শতক জমি (চার তলা বিল্ডিং)। মৌজা- রামপুর, জে,এল নং ০৮, বিক্রয় কবলা নং ১৫৫৭১, তারিখ ০৩/১১/২০১৪ থানা হালিশহর, জেলা- চট্টগ্রাম। আর,এস,খতিয়ান নং- ৫৭৬, পি,এস খতিয়ান নং ৫৫২/৫৭৬, আর,এস, পি/এস প্লট নং- ২০৩, মূল অনুরূপ বি,এস খতিয়ান নং- ৮৪৮, বিগত মিউটিশিয়ান বি,এস খতিয়ান নং ৮৪৮/৯, ৮৪৮/১০, পরবর্তী মিউটিশিয়ান বি,এস খতিয়ান নং ১৬৪৬, শেষ মিউটিশিয়ান বি,এস খতিয়ান নং ২৭২১, পাট বি/এস প্লট নং ৬৩৮

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৬/০৩/২০২৩ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি,এল,সি হালিশহর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি,এল,সি, হালিশহর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি,এল,সি, হালিশহর শাখা চট্টগ্রাম।